



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2022

DSE-P2-BENGALI**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.***The question paper contains paper DSE-2A and DSE-2B****The candidates are required to answer any *one* from the *two* courses.****Candidates should mention it clearly on the Answer Book.****DSE-2A****বাংলা ছেটগল্পঃ উন্নত ও ক্রমবিকাশ**১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উন্নত দাওঃ $3 \times 4 = 12$

- (ক) উনিশ শতকের অর্থনৈতিক দুরবস্থার উল্লেখ রয়েছে এমন ছ'টি ছেটগল্পের নাম করো।
- (খ) প্রথম বিশ্বযুদ্ধ পূর্ববর্তীকালে নারীর প্রথার বিবরণাচরণের নির্দর্শন হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি গল্পের নাম এবং সেই গল্পের মূল প্রতিবাদী নারী চরিত্রের নাম উল্লেখ করো।
- (গ) ‘পয়লা নম্বর’ গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুর কার অনুরোধে রচনা করেন ?
- (ঘ) পরশুরামের গল্পগ্রন্থের সংখ্যা কত ? তাঁর ‘ততীয় দ্যুতসভা’ গল্পটি কোন্ গল্পগ্রন্থের অঙ্গরূপ ? গল্পটি কত সালে প্রকাশিত হয় ?
- (ঙ) ‘দেবতার ব্যাধি’ গল্পটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয় ? এই গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম লেখো।
- (চ) ‘সাড়ে সাত সের চাল’ গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? সেই প্রেক্ষাপট সংক্ষেপে উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উন্নত দাওঃ $6 \times 4 = 24$

- (ক) অতিথাকৃত গল্প হিসেবে ‘নিশিথে’ গল্পের সার্থকতা আলোচনা করো।
- (খ) ‘স্বামী’ গল্পে সদু’র আত্মকথার মধ্য দিয়ে হিন্দু নারীর যে সনাতন রীতি ফুটে উঠেছে, তা আলোচনা করো।
- (গ) ‘বেদেনী’ রাধা ও কেষ্টো বেদের সম্পর্কের উত্থান বিষয়ে আলোচনা করো।
- (ঘ) ‘টিচার’ গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় আমাদের দেশের যে পালাবন্দলের চিত্র অঙ্কন করেছেন তা উল্লেখ করো।
- (ঙ) পরশুরামের ‘ভরতের ঝুমঝুমি’ গল্পে পৌরাণিক প্রসঙ্গের পরিচয় দাও।
- (চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মামলার ফল’ গল্পের মূল বক্তব্য বিষয় উপস্থাপন করো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উন্নত দাওঃ $12 \times 2 = 24$

- (ক) বিশ শতকের প্রথমার্ধে বাংলা ছেটগল্পের গতি-প্রকৃতি সম্পর্কে আলোচনা করো।
- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘দুরাশা’ গল্পটি কিভাবে রোমাঞ্চকে অতিক্রম করে শেষ পর্যন্ত রূপকথার রাজ্যে পাড়ি দিয়েছে সে সম্পর্কে আলোচনা করো।

- (গ) ‘রায়বাড়ি’ গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় জমিদার শ্রেণীর দস্ত, আভিজাত্য ও মহিমার যে ক্ষয়িষ্ণুরূপ অক্ষন করেছেন তার পরিচয় দাও।
- (ঘ) ‘লম্বকণ্ঠ’ চরিত্রিনির্ভর হাস্যরসাত্ত্বক গল্প হিসেবে কতটা সার্থক আলোচনা করো।

DSE-2B**বাংলা ছোটগল্প (তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়)**

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

 $3 \times 8 = 12$

- (ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্প রচনার সূত্রপাত কোন্ পত্রিকায় ? উক্ত পত্রিকায় প্রকাশিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি গল্পের নাম লেখো।
- (খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পগুলির নাম কী ? উক্ত গল্পে মানিক বন্দ্যোপাধ্যায়ের কয়টি গল্প প্রকাশিত হয় ? প্রকাশিত গল্পগুলির নাম লেখো।
- (গ) ‘তারিণী মাঝি’ গল্পে কোন্ নদীর উল্লেখ আছে ? তারিণী মাঝির স্তুর নাম কী ? সে কিভাবে মারা যায় ?
- (ঘ) বৈষণব রসাত্ত্বিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি গল্পের নাম লেখো। ‘রাইকমল’ গল্পের কমলিনীর সঙ্গে উক্ত গল্পের কোন্ নারী চরিত্রের মিল রয়েছে ?
- (ঙ) ‘শিঙ্গী’ গল্পটি কত সালে, কোন্ গল্প সংকলনে প্রথম প্রকাশিত হয় ? উক্ত গল্প সংকলনের কত সংখ্যক গল্প এটি ?
- (চ) ‘ছেট বকুলপুরের যাত্রী’ গল্পটি কোন্ আন্দোলনের প্রেক্ষিতে রচিত ? এইরূপ আন্দোলনকে কেন্দ্র করে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের অন্য কয়েকটি গল্পের নাম উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

 $6 \times 8 = 24$

- (ক) ‘অতসী মামী’ গল্পে যতীনবাবুর প্রতি অতসী মামীর যে ভালোবাসার পরিচয় পাওয়া যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো।
- (খ) খেটে-খাওয়া মানুষের সংগ্রামী চেতনা ‘কংক্রীট’ গল্পে কতটা বাস্তবায়িত হয়েছে, তা আলোচনা করো।
- (গ) ‘ডাইনি’ গল্পে ডাইনি সন্তার প্রকাশ কীভাবে ঘটানো হয়েছে তা বিবৃত করো।
- (ঘ) ‘শিঙ্গী’ গল্পের মদন চরিত্রটি আলোচনা করে তার শিঙ্গী-চেতনার স্বরূপ বিশ্লেষণ করো।
- (ঙ) ‘না’ গল্পে অনন্ত ও ব্রজরাণী চরিত্রের মনোস্তান্ত্বিক টানাপোড়েনের পরিচয় দাও।
- (চ) ‘ছেট বকুলপুরের যাত্রী’ গল্পে ট্রেন থেকে নেমে যেতেই স্টেশনে যেসব বাবুরা এগিয়ে আসে, তাদের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $12 \times 2 = 24$

- (ক) মানব ও মানবেতের প্রাণীর মধ্যে যে মানবিক সম্পর্ক দেখানো হয়েছে তা ‘কালাপাহাড়’ গল্প অবলম্বনে আলোচনা করো।
- (খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘অগ্রদানী’ গল্পে পূর্ণ চক্রবর্তীর মধ্য দিয়ে মানুষের আদিম প্রবৃত্তির স্বরূপ উন্মোচন হয়েছে, তা আলোচনা করো।
- (গ) ‘টিচার’ গল্পে মধ্যবিত্ত জীবনের সমস্যা ও সংকটের যে চিত্র পাওয়া যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো।
- (ঘ) ‘যাকে ঘুষ দিতে হয়’ গল্পে কিভাবে অর্থলোলুপতার ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

—————X—————